গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

স্মারক নম্বর- ১৩.০০.০০০০.০০০.০২২.১১.০০০১.২২-১৪

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সবিচালয়ের ২৫ আগস্ট ২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৮২.২০২৫-১৯২ নম্বর স্মারকের মনোনয়নের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৩ (তিন) জন প্রার্থীকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদে ও বেতনস্কেলে খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের **"সহকারী প্রোগ্রামার"** পদে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর	নাম ও স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)
১	০০০২৮৯	জনাব মো: আইউব খান, পিতা: মৃত মো: আবদুল মতিন, গ্রাম: ভানুশ্বর, ডাকঘর: ধৌড়করা-৩৫৫২, থানা: চৌদ্দগ্রাম, জেলা: কুমিল্লা।	সহকারী প্রোগ্রামার	২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)
২	০০০৩২৫	জনাব মো: ফুরকানুজ্জামান, পিতা: মো: হাফিজুর রহমান, গ্রাম: পলাশতলী, ডাকঘর: কুতুবখানা বাজার, থানা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ।	সহকারী প্রোগ্রামার	২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)
৩	০০০১০৫	জনাব মো: ফয়েজ আহমেদ ফায়িম, পিতা: মো: বোরহান উদ্দিন, গ্রাম: ঝাউয়াদী, ডাকঘর: সোহাগপুর-১৭৪৩, থানা: কাপাসিয়া, জেলা: গাজিপুর।	সহকারী প্রোগ্রামার	২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)

নিয়োগের শর্তাবলি:

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে,

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ এ শিক্ষানবিশকাল অনুর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবেন। শিক্ষানবিশ মেয়াদে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার কর্ম ও আচরণ সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবেন;

(গ) যোগদানের সময় নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(ঘ) তাকে সরকার কর্তৃক নির্ধারিত পেশাগত ও বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(ঙ) শিক্ষানবিশ মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তৎসহ) পূর্ণ হবার পর শিক্ষানবিশ মেয়াদ চলাকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক এবং উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ (যদি থাকে) হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(চ) শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে শিক্ষানবিশ/প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার সংশ্লিষ্ট ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন মর্মে একজন জামানাতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি বন্ড অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(ছ) তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় যোগ্য হবে এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
(ঝ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় খাদ্য অধিদপ্তরে জমা দিতে হবে;
(ঞ) চাকুরিতে নিয়োগের পর যেকোন সময় তার যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোন উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হয় বা এরূপ কোন তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যাবে;
(ট) তিনি যদি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
(ঠ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান, আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;
(ড) চাকরিতে জ্যেষ্ঠতা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে; এবং
(ঢ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

২। উল্লিখিত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য/বিবেচিত হলে আগামী ০১ মার্চ ২০২৬ তারিখ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৫/০২/২০২৬

মোঃ আবু আসার উদ্দিন
উপসচিব
ফোন: +৮৮০২৫৫১০০১১২
ইমেইল: sasestabadmin@mofood.gov.bd

স্মারক নম্বর- ১৩.০০.০০০০.০০০.০২২.১১.০০০১.২২-১৪/১(১১)

তারিখ: ০২ মাঘ ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৪। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৯। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।
১০। জনাব.....।
১১। অফিস কপি।

১৫/০২/২০২৬

মোঃ আবু আসার উদ্দিন
উপসচিব